

প্রথম আলো

টাইমস হায়ার এডুকেশন ইউনিভার্সিটি ইমপ্যাক্ট র‍্যাঙ্কিং
এসডিজি-১ অর্জনে বিশ্বসেরা ৫০
বিশ্ববিদ্যালয়ের তালিকায় ব্র্যাক

প্রথম আলো ডেস্ক
প্রকাশ: ৩০ এপ্রিল ২০২২



টাইমস হায়ার এডুকেশন (টিএইচই) ইউনিভার্সিটি ইমপ্যাক্ট র‍্যাঙ্কিং ২০২২-এ
জাতিসংঘ ঘোষিত এসডিজি বা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার 'এসডিজি ১: নো
পোভার্টি' অর্জনে বিশ্বসেরা ৫০টি বিশ্ববিদ্যালয়ের তালিকায় রয়েছে ব্র্যাক
ইউনিভার্সিটি।

বৃহস্পতিবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানিয়েছে বিশ্ববিদ্যালয়টি। আগের দিন বুধবার যুক্তরাজ্যের লন্ডনে টাইমস হায়ার এডুকেশন ইউনিভার্সিটি ইমপ্যাক্ট র‍্যাঙ্কিং ২০২২ প্রকাশ করা হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, এসডিজি অর্জনে দারিদ্র্য নিয়ে গবেষণা, দরিদ্র শিক্ষার্থী ও স্থানীয় জনগোষ্ঠীকে সহায়তার ক্ষেত্রে ব্র্যাক ইউনিভার্সিটির অবদানকে যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলে অভিহিত করা হয়েছে টাইমস হায়ার এডুকেশনের র‍্যাঙ্কিংয়ে।

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার সামগ্রিক র‍্যাঙ্কিংয়ে ব্র্যাক ইউনিভার্সিটি বাংলাদেশে প্রথম ও সারা বিশ্বে ৩০১ থেকে ৪০০তম অবস্থানের মধ্যে রয়েছে। র‍্যাঙ্কিংয়ে এসডিজি ৪ (গুণগত শিক্ষা নিশ্চিতকরণ) ও এসডিজি ৮ (শোভন কর্ম সুযোগ ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন) বাস্তবায়নে বিশ্বসেরা ২০০ বিশ্ববিদ্যালয়ের তালিকায় রয়েছে ব্র্যাক ইউনিভার্সিটি।

টাইমস হায়ার এডুকেশন গ্লোবাল ইমপ্যাক্ট র‍্যাঙ্কিং জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার সঙ্গে সংগতি রেখে এর সামাজিক, অর্থনৈতিক ও পরিবেশগত প্রভাব নির্ণয় করে। ২০৩০ সালের মধ্যে বিশ্ব থেকে দারিদ্র্য দূরীকরণ, পৃথিবীকে রক্ষা এবং মানুষের শান্তি ও সমৃদ্ধি নিশ্চিতকরণের উদ্দেশ্যে জাতিসংঘ এই টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা গ্রহণ করেছে।

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে ব্র্যাক ইউনিভার্সিটির ভূমিকা প্রসঙ্গে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ভিনসেন্ট চ্যাং বলেন, 'ব্র্যাক ইউনিভার্সিটি জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার প্রতি পূর্ণ অঙ্গীকারবদ্ধ। সেই পথেই আমরা আমাদের উদ্যোগগুলো পরিচালিত করব।'